দৈনিক খবর

তারিখ 14 SEP 1992

পৃষ্ঠা ৪ [redacted] ৩

১৬।

# সরকার সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়ে তুলতে দৃঢ়প্রতিজ্ঞ

।। খুলনা ব্যুরো অফিস ।।

১২ সেপ্টেম্বর।–বিএনপি কেন্দ্রীয় সহ-সাংগঠনিক সম্পাদক ও খুলনা মহানগর শাখার সাধারণ সম্পাদক কাজী সেকেন্দার আলী ডালিম বলেছেন বর্তমান গণতান্ত্রিক সরকার সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়ে তুলতে দৃঢ়প্রতিজ্ঞাবদ্ধ। তিনি এ লক্ষ্য অর্জনে এবং শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান প্রতিষ্ঠিত জাতীয়তাবাদী দলের আদর্শ ও উদ্দেশ্যকে প্রতিফলিত করতে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার হাতকে শক্তিশালী করার জন্য ছাত্র সমাজের প্রতি আহবান জানিয়েছেন।

আজ বিকেল পাঁচটায় খালিশপুরস্থ বঙ্গবাসী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে জাতীয়তাবাদী ছাত্রদল আয়োজিত এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের সংবর্ধনা সভায় প্রধান অতিথির ভাষণদানকালে তিনি একথা বলেন।

নূরুজ্জামান নূরুর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি ছিলেন খালিশপুর থানা বিএনপির সম্পাদক শেখ খায়রুজ্জামান খোকা। অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ছাত্রনেতা ফজলে হালিম লিটন, কাজী শফিকুল ইসলাম, ফসিউদ্দীন মাহতাব, মহিউদ্দিন হোসেন, কামাল উদ্দীন, আতাউর রহমান প্রমুখ।

জনাব ডালিম বলেন, ছাত্ররাই আগামী দিনে জাতির কর্ণধার। সন্ত্রাসমুক্ত সমাজ প্রতিষ্ঠায় তাই ছাত্র ও যুবকদেরই এগিয়ে আসতে হবে